২৯২৩

দৈনিক বাংলা

তারিখ 24 NOV 1992
পৃষ্ঠা ৪ কলাম ৭

37

# ডিগ্রি পরীক্ষার তারিখ

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯২ সালের ডিগ্রী পরীক্ষার্থী। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত আমরা নিশ্চিত-ভবে জানতে পারিনি আমাদের পরীক্ষা কত তারিখে অনুষ্ঠিত হবে। পূর্বে একটা তারিখ নির্ধারণ করা হয়েছিল ডিসেম্বর মাসের ২৯ তারিখে পরীক্ষা অনুষ্ঠানের। পরবর্তীতে নতুন কোন তারিখ ঘোষণা করা হয়নি। কিংবা রেজিস্ট্রেশান অফিসে গিয়েও নিশ্চিত হতে পারিনি কত তারিখে পরীক্ষা শুরু হবে। অফিসের কেউ বলছেন, পরীক্ষার সময় সূচী পরিবর্তন করা হবে, আবার কেউ বলছেন পূর্বের তারিখেই পরীক্ষা অনষ্ঠিত হবে। এদিকে ২৬ তারিখে অনার্স ও ২৮ তারিখে মাষ্টারর্স পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। কিন্তু প্রশ্ন হলো, একমাসে তিনটি পরীক্ষা কি করে চলবে। পরীক্ষার তারিখের ব্যাপারে এই অনিশ্চয়তায় আমরা সকলে কিংকর্তব্য-বিমূঢ়। এ অবস্থায় হয় পূর্ব তারিখেই পরীক্ষা নেয়ার ঘোষণা নতুন দেয়া হোক, অথবা অবিলম্বে পরীক্ষার নতুন তারিখ ও সময়সূচী জানিয়ে এ সংক্রান্ত অনিশ্চয়তার অবসান করা হোক। কারণ দুটানায় পড়ে আমাদের লেখাপড়ার ভীষণ অসুবিধা হচ্ছে। এ বিষয়ে আশু সিদ্ধান্ত ঘোষণার জন্য বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

মোঃ সেলিম পারভেজ (রনি), শিল্পী, খোকন, সদী, লিয়ন, বাদল ও আশা।
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।